Counting

গণনার তারিখ : ১৩.০৭.২০১৩ , **সময় :** সকাল ৮ টা

ভোট গণনা কেন্দ্র :-

- State Election Commission- এর নির্দেশিকা মোতাবেক Distribution Centre, Receiving Centre & Counting Centre একই জায়গায় হওয়া বাঞ্ছনীয় । বাধ্য হলে Distribution Centre অন্য জায়গায় করা যেতে পারে কিন্তু Receiving Centre & Counting Centre একই জায়গায় করতে হবে। এই Counting Venue -তে উপযুক্ত Security -এর ব্যবস্থা করতে হবে যাতে Counting -এর আগের দিন ও Counting -এর দিন বহিরাগত অবাঞ্ছিত লোকের সমাগম কম হয় । যে Strong Room-এ Polled Ballot Box গুলি আছে সেখানে Candidate গন মনে করলে নির্দিষ্ট দূরত্ব থেকে নজরদারির জন্য সর্বাধিক ১ জন করে লোক নিয়োগ করতে পারেন । Building -এ যদি জায়গা না থাকে তাহলে তার বাইরে Candidate গন Temporary Structure করে একটি টেবিল ও চেয়ারসহ থাকতে পারেন । Counting -এর দিন নির্দিষ্ট সময়ের দেড় ঘন্টা আগে Candidate গনের উপস্থিতিতে (যা পূর্বেই জানাতে হবে Candidate -দের) Strong Room -এর দরজার সীল ভাঙ্গতে হবে ।

পরিকাঠামোগত ব্যবস্থাপনা :-

- জল ও Toilet -এর ব্যবস্থা করা
- খাবারের প্যাকেটের ব্যবস্থা করা
- Fire brigade - এর সঙ্গে যোগাযোগ করা এবং Fire fighting -এর ব্যবস্থা করা
- অবিচ্ছিন্ন বিদ্যুতের ব্যবস্থা করা
- জেনারেটর - এর ব্যবস্থা করা
- মাইকের ব্যবস্থা করা
- ইন্টারনেট সহ কম্পিউটার -এর ব্যবস্থা করা
- ভিডিও গ্রাফির ব্যবস্থাকরা যেতে পারে

Media Centre:-

- পঞ্চায়েত রিটার্নিং অফিসার প্রতিটি গণনা কেন্দ্রের বাইরে একটি Media Centre-এর ব্যবস্থা করবেন এবং একজন অভিজ্ঞ অফিসার -এর দায়িত্বে থাকবেন এবং Media -কে brief করবেন)।

সুরক্ষা ব্যবস্থাপনা :-

- ১২ ই জুলাই, ২০১৩ -এর রাত্রি থেকে Counting Venue টি সর্বক্ষন নজর রাখার জন্য Security Officer -এর দখলে চলে যাবে । Panchayat Returning Officer -এর অনুমতি ব্যতীত Counting -এর আগের দিন কেউ Counting Venue -তে প্রবেশাধিকার পাবেন না।

- আইনের ধারা অনুযায়ী Polling Booth থেকে Polled Ballot Box গুলি ও ভোটের কাজে ব্যবহৃত Statutory, Non-Statutory & Others Materials গুলি R.C তে আনা হবে, Strong Room সীল করার সময় Candidates / Election Agent যে কেউ উপস্থিত থাকতে পারেন এবং এটি Video Graphy করা যেতে পারে । Strong Room - এর সীল করা দরজাটিকে Candidate নিজে বা তার

Election Agent বা তার এক বা একাধিক Counting Agent (মূলত: এই কাজের জন্য অনুমতিপ্রাপ্ত) দ্বারা দেখাশোনা করার অনুমতি পেতে পারেন । যে কোন সময়ে একজন Candidate -এর কেবলমাত্র একজনই এই রকম প্রতিনিধি থাকতে পারবেন। প্রতি দুই ঘন্টা অন্তর Candidate গন বা তার Agent গন যদি মনে করেন তাহলে সীল করা দরজার কিছুটা দূর থেকে দরজাটিকে বা তাতে লাগানো তালাটিকে স্পর্শ না করে দেখতে পারেন যে সীলটি অক্ষত আছে কিনা । যদি ওই Building -এর মধ্যে কোনো যথোপযুক্ত থাকার ব্যবস্থা না থাকে Candidate বা তার প্রতিনিধিদের সেক্ষেত্রে মূল Building -এর বাইরে ছোটো খাটো একটা Temporary Structure তৈরী করা যেতে পারে Candidate বা তার Agent দের থাকার জন্য এবং সঙ্গে কিছু Furniture থাকবে যেমন - ১টি টেবিল ও চেয়ার ।

- ❖ Counting শুরু হওয়ার এক থেকে দেড় ঘন্টা আগে Counting Hall খুলে দিতে হবে । Candidate দের নির্দিষ্ট সময়ে উপস্থিত হওয়ার জন্য জানাতে হবে। PRO, Strong Room -এর সীলটি ভেঙ্গে দরজাটি খুলবেন Candidate দের উপস্থিতিতে, এটি Video graphy করা যেতে পারে ।

- ❖ PRO -এর নির্দেশে Security Personnel রা Counting Hall -এ ঢোকা বা বেরোনো নিয়ন্ত্রন করবেন । যে সকল ব্যক্তিগণ Counting Hall থেকে বেরোবেন বা প্রবেশ করবেন তাদের অতি অবশ্যই Identity Card দেখাতে হবে । নির্ধারিত সময়ের পূর্বে কাউকে Building -এ প্রবেশাধিকার দেওয়া হবে না। অকারনে গেটের ভেতরে বা বাইরে ভিড় হলে তা সরিয়ে দিতে হবে ।

- ❖ পুলিসের সঙ্গে আলোচনা করে 3 tier cordon বা বেষ্টনির ব্যবস্থা করা যেতে পারে। কোন্ (Cordon) বেষ্টনি পর্যন্ত কারা প্রবেশ করবে তা নির্দিষ্ট করতে হবে । দুটি প্রবেশ পথ হওয়া বাঞ্ছনিয়, একটি V.I.P দের জন্য আর একটি অন্যদের জন্য। তাদের গাড়ি রাখার আলাদা ব্যবস্থা করা যেতে পারে। এটি সংশ্লিষ্ট রিটার্নিং অফিসাররা তাদের Counting Centre এবং Counting Venue - এর মধ্যে অবশিষ্ট জায়গার উপর নির্ভর করে প্রয়োজনিয় সিদ্ধান্ত নেবেন ।

ভোটগণনা কক্ষে প্রবেশাধিকার (u/r 101 W.B.P.E.R, 06) :-

নিম্নলিখিত ব্যক্তিরা উপযুক্ত পরিচয়পত্র সহ ভোট গণনা কক্ষে প্রবেশের অনুমতি পাবেন :-

১) গণনার কাজে নিযুক্ত কর্মীরা
২) কমিশন দ্বারা নিয়োজিত ব্যক্তিরা
৩) সরকারি কর্মী যিনি গণনার সঙ্গে সরাসরি যুক্ত
৪) প্রার্থী, Election Agent এবং কাউন্টিং এজেন্টরা

ভোট গণনা কক্ষের ব্যবস্থাপনা (u/r 100 of the W.B.P.E.R, 06):-

- ❖ প্রতিটি গণনাকক্ষে সর্বোচ্চ ২০ টি গণনা টেবিল থাকতে পারে, প্রয়োজনমতো এইরকম বেশ কয়েকটি গণনাকক্ষ নেওয়া যেতে পারে যাতে Total Counting দুই রাউন্ডে বা তার কম রাউন্ডে শেষ করা যায় । যদি না হয় সেক্ষেত্রে সর্বাধিক তিন রাউন্ড হবে। তার বেশি নয় ।
- ❖ গণনা টেবিল এবং কাউন্টিং এজেন্টদের মাঝখানে ৬ ফুট উচুঁ চিকেনমেসের ব্যবধান থাকবে যাতে ব্যালট পেপারের সুরক্ষা সুনিশ্চিত হয় ।
- ❖ Counting Hall ও Strong Room কাছাকাছি , একই Floor – এ হওয়া দরকার । Strong Room এর কাছাকাছি Counting Hall থাকতে হবে । যদি কোন কারনে দুটি পাশাপাশি ভিন্ন জায়গায় হয় তাহলে যথেষ্ট Security সহ একটি Passage তৈরী করতে হবে যাতে Ballot Box গুলি সহজে নিয়ে যাওয়া যেতে পারে ।

- Counting Table থেকে কোনোরকম সন্দেহজনক ব্যালটপেপার A.P.R.O / R.O -এর টেবিলে আসবে না তার আগেই Counting Table-এ এই সন্দেহ নিরসন করতে হবে । প্রয়োজনবোধে সঙ্গে সঙ্গে P.R.O / A.P.R.O Counting Table-এ গিয়ে এই সন্দেহের অবসান ঘটাবেন ।

ভোট গণনা কর্মী :-

Counting Hall -এ প্রতিটি টেবিলে একজন কাউন্টিং অফিসার এবং দুইজন কাউন্টিং অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করতে হবে। Govt. Employee - দের প্রাধান্য দিতে হবে, না পাওয়া গেলে Semi- Govt. অফিস থেকেও Employee -নেওয়া যেতে পারে । ১০ % অতিরিক্ত Reserve হিসাব রাখতে হবে । সবাইকে একদিনের Training -এর ব্যবস্থ্ করতে হবে ।

কাউন্টিং এজেন্ট (u/r 44 (2) of the W.B.P.E.R, 06) :-

- কাউন্টিং এজেন্টের অবশ্যই ভোটার লিষ্টে নাম থাকতে হবে । অবশ্যই EPIC থাকতে হবে অথবা যদি EPIC না থাকে তাহলে কমিশন প্রদত্ত ১৪ টি Alternative Documents থাকতে হবে এবং Counting Hall -এ প্রবেশের পূর্বে এগুলি দেখাতে হবে ।
- প্রতিটি টেবিলে একজন প্রার্থীর শুধুমাত্র একজন কাউন্টিং এজেন্টই থাকতে পারবেন।
- **গ্রাম পঞ্চায়েতের প্রার্থী** অথবা তার Election Agent গণনা কেন্দ্রে Counting Agent নিয়োগ করতে পারেন কিন্তু ভোটগ্রহণ কক্ষের গণনা টেবিলে একই সঙ্গে একাধিক ব্যক্তি উপস্থিত থাকতে পারবেন না ।
- **পঞ্চায়েত সমিতির প্রার্থী** তার নির্বাচনী ক্ষেত্রের গণনার জন্য নির্দিষ্ট প্রতিটি টেবিলে একজন করে Counting Agent নিয়োগ করতে পারেন । কিন্তু APRO-র টেবিলের জন্য অতিরিক্ত Counting Agent নিয়োগ না করে তিনি অথবা তার Election Agent উপস্থিত থাকতে পারবেন ।
- **জেলা পরিষদ প্রার্থী** তার নির্বাচনী ক্ষেত্রের ভোট গণনার জন্য প্রতিটি টেবিলে একজন করে Counting Agent নিয়োগ করতে পারেন । এছাড়া সংশ্লিষ্ট প্রতিটি হলের APRO-র টেবিলের জন্য একজন অতিরিক্ত Counting Agent নিয়োগ করতে পারেন । কাউন্টিং এজেন্ট ছাড়াও প্রার্থী এবং তার নির্বাচনী এজেন্ট Counting হলে উপস্থিত থাকতে পারেন ।
- Returning Officer -এর সরাবরাহ করা ছবিসহ পরিচয়পত্র ছাড়া কোন কাউন্টিং এজেন্টকে ভোটগ্রহণ কেন্দ্রে প্রবেশের অনুমতি দেওয়া হবে না। পঞ্চায়েতের তিনটি স্তরের জন্য তিনটি পৃথক রঙের পরিচয়পত্র ব্যবহার করা হবে ।

১) গ্রাম পঞ্চায়েতে	-	সাদা রঙের
২) পঞ্চায়েত সমিতি	-	গোলাপী রঙের
৩) জেলা পরিষদ	-	হলুদ রঙের

Counting Agent - দের **Photo Identity Card -**এ **Hall No. & Table No.** উল্লেখ করে **Official Seal** মারার পর **Photo Identity Card issue** করতে হবে ।

Identity Card- এর রঙ :-

কাউন্টিং অফিসার এবং কাউন্টিং কর্মী	-	নীল রঙের
গ্রাম পঞ্চায়েত কাউন্টিং এজেন্ট	-	সাদা রঙের
পঞ্চায়েত সমিতি কাউন্টিং এজেন্ট	-	গোলাপী রঙের
জেলা পরিষদ কাউন্টিং এজেন্ট	-	হলুদ রঙের

পি আর ও / এ পি আর ও

সুপারভিসিন অফিসার / সেক্টর অফিসার / - আকাশী রঙের

অনন্য অফিসার

ডেইলি রেটেড ওয়ার্কার - হালকা সবুজ রঙের

P.R.O - টেবিলে নিম্নলিখিত জিনিসগুলি থাকবে -

১) ছুরি / ব্লেড
২) ডটপেন
৩) পেন্সিল
৪) সাদা কাগজ
৫) স্পঞ্জ
৬) James clip / pin
৭) গার্ডার
৮) পেপারওয়েট
৯) **Counting Sheet** - উপযুক্ত সংখ্যক (G.P -এর ক্ষেত্রে Form- 19A, P.S & Z.P -এর ক্ষেত্রে Form – 20)
১০) **Result Sheet** - উপযুক্ত সংখ্যক(G.P -এর ক্ষেত্রে Form- 19A, P.S & Z.P -এর ক্ষেত্রে Form – 20)
১১) Declaration of Result Sheet - উপযুক্ত সংখ্যক (Form – 23)
১২) Certificate of Election in Form - 24
১৩) বিভিন্ন রাউন্ডে যে যে পোলিং স্টেশনের ব্যালট বক্স উক্ত টেবিলে গণনা করা হবে তার তালিকা।
১৪) প্রতিদ্বন্দি প্রার্থীদের তালিকা (Form - 7) - তিনটি পৃথক স্তরের জন্য।
১৫) Counting Proceedings.
১৬) রাউন্ড অনুযায়ী প্রতিটি হলের প্রতিটি টেবিলে কোন কোন ব্যালটবক্স যাবে তার তালিকা ।

Counting Staff, Counting Official & Sealing Staff যারা Counting Table -এ বসবেন নিম্নলিখিত নির্দেশগুলি অনুসরণ করবেন।

- ❖ গণনার দিন সকাল ৭ টার মধ্যে নির্দিষ্ট পরিচয়পত্রসহ গণনাকেন্দ্রে উপস্থিত হয়ে পরিচয়পত্রে উল্লিখিত ভোটগ্রহণ কক্ষের নির্দিষ্ট টেবিলে আসন গ্রহণ করুন ।
- ❖ সকাল ৭.৩০ টার মধ্যে আপনার টেবিলের বাকি সদস্যরা উপস্থিত না হলে ভোটগ্রহণ কক্ষের দায়িত্বপ্রাপ্ত A.P.R.O. / Hall-In-Charge -কে অবহিত করুন ।
- ❖ আপনার গণনা টেবিলে উপস্থিত কাউন্টিং এজেন্টদের উপযুক্ত পরিচয়পত্র আছে কিনা পরীক্ষা করে নিন ।
- ❖ নির্দিষ্ট কাউন্টিং এজেন্ট উপস্থিত না হলে A.P.R.O / Hall-In-Charge - কে জানান যাতে তিনি ঘোষণার মাধ্যমে উক্ত শূন্যস্থানগুলি দ্রুত পূরণের জন্য প্রার্থীদের অনুরোধ জানাতে পারেন ।

আপনার গণনা টেবিলে প্রদত্ত বিভিন্ন দ্রব্য সামগ্রী মিলিয়ে দেখে নিন।

১) ছুরি / ব্লেড
২) ডটপেন
৩) পেন্সিল
৪) সাদা কাগজ
৫) স্পঞ্জ

৬) James clip / pin
৭) গার্ডার
৮) পেপারওয়েট
৯) **Counting Sheet** - উপযুক্ত সংখ্যক (G.P -এর ক্ষেত্রে Form- 19A, P.S & Z.P -এর ক্ষেত্রে Form – 20)
১০) **Result Sheet** - উপযুক্ত সংখ্যক(G.P -এর ক্ষেত্রে Form- 19A, P.S & Z.P -এর ক্ষেত্রে Form – 20)
১১) Declaration of Result Sheet - উপযুক্ত সংখ্যক (Form – 23)
১২) Certificate of Election in Form - 24
১৩) বিভিন্ন রাউন্ডে যে যে পোলিং স্টেশনের ব্যালট বক্স উক্ত টেবিলে গণনা করা হবে তার তালিকা।
১৪) প্রতিদ্বন্দি প্রার্থীদের তালিকা (Form - 7) - তিনটি পৃথক স্তরের জন্য।
১৫) Counting Proceedings.

ভোটগণনার সূত্রপাত :-

- ভোটগণনার প্রক্রিয়াটি হবে ধারাবাহিক এবং তিনস্তরের গণনা সম্পূর্ণ না হওয়া পর্যন্ত ক্রমান্বয়ে চলবে।
- ভোটগণনার শুরুতেই A.P.R.O / Hall-In-Charge ভোটের গোপনীয়তা রক্ষার জন্য **পশ্চিমবঙ্গ পঞ্চায়েত নির্বাচন আইন , ২০০৩ - এর ১০৮ ধারাটি পাঠ করবেন, উক্ত ধারাটি নিম্নরুপ :-**

(a) 'Every Officer, clerk, agent or other person who performs any duty in connection with the recording or counting of votes at an election shall maintain, and aid in maintaining, the secrecy of the voting and shall not (except for some purpose authorised by or under any law) communicate to any person any information calculated to violate such secrecy.
(b) Any person who contravenes the provisions of Sub-section (1) shall be punishable with imprisonment for a term which may extend to three months or with fine or with both'.

ভোটগণনার ক্রম :- (u/r 87 of the W.B.P.E.R, 06)

পশ্চিমবঙ্গ রাজ্য নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী ত্রি-স্তর পঞ্চায়েতের ভোটগণনা নিম্নলিখিত তিনটি পর্যায়ে / ক্রমে সম্পন্ন হবে ।

ক) জেলা পরিষদ
খ) পঞ্চায়েত সমিতি
গ) গ্রাম পঞ্চায়েত

প্রতিটি স্তরে ব্যালট বক্সের কাউন্টিং শুরু হওয়ার আগে E.D. ভোটের গননা হবে।

ইলেকসন ডিউটি ভোট :-

- পুনরায় বলা হচ্ছে যে রিটার্নিং অফিসারের সামনে যারা E.D ভোট দেবেন তাদের প্রদত্ত ভোটগুলি কোন অবস্থাতেই পোলিং স্টেশনে যাবে না । ওই ভোটগুলি Returning Officer তার দায়িত্বে রাখবেন Counting -এর দিন অর্থাৎ ১৩ ই জুলাই, ২০১৩ তারিখে খোলার জন্য।

- প্রতিটি Tier -এর পৃথকভাবে হল অনুযায়ী এবং Constituency অনুযায়ী মোট কত E.D Votes পড়েছে তার তালিকা তৈরী করে রাখতে হবে আগে থেকে। এই সমস্ত Constituency গুলোর গণনা শুরুর আগে

Counting Hall -এর প্রবেশপথে প্রদত্ত E.D Vote -এর তালিকাগুলো ঝুলিয়ে রাখতে হবে যাতে তা সকল Counting Agent বা অন্যান্য ব্যক্তি যারা Counting Hall -এ প্রবেশ করবেন তাদের নজরে পড়ে ।

- ❖ গ্রাম পঞ্চায়েতের প্রদত্ত E.D ভোটগুলি Counting Table -এ যে Counting Officer থাকবেন তার সামনে দিতে হবে প্রদত্ত ভোট বাক্সগুলি খোলার আগে অর্থাৎ Ballot Box -এর মধ্যে প্রদত্ত ভোটগুলি গণনার আগে E.D ভোটগুলি গণনা করতে হবে। প্রদত্ত E.D ভোটগুলি প্রথমে গণনা করার পর Result Sheet -এর নির্দিষ্ট Column -এ লিপিবদ্ধ করতে হবে ।

- ❖ পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের ক্ষেত্রে প্রদত্ত E.D ভোটগুলি Ballot Box -এর প্রদত্ত ভোটগুলি গণনা করার পূর্বে PRO / APRO -এর টেবিলে গণনা করা হবে। এই প্রদত্ত E.D ভোটগুলি গণনা করার পর PRO / APRO Result Sheet -এর নির্দিষ্ট Column -এ E.D ভোট-এর গণনায় প্রাপ্ত সংখ্যাগুলি লিপিবদ্ধ করবেন ।

জেলা পরিষদের ইলেকসন ডিউটি ভোট - এর গণনা (u/r 103 of the W.B.P.E.R, 06) :-

- ❖ **প্রতিটি কাউন্টিং হলের বাইরে নির্বাচনী ক্ষেত্র অনুযায়ী মোট E.D.Vote -এর সংখ্যা Display করতে হবে ।**
- ❖ ঠিক সকাল ৮ টার সময় Strong Room থেকে B.D.O, মারফত Assistant Panchayat Returning Officer -এর টেবিলে, E.D Vote -এর সীলকরা খামগুলি পরিবেশিত হলে E.D.Vote - এর গণনার কাজ শুরু হবে ।
- ❖ জেলা পরিষদের E.D. Ballot - এর গণনা , A.P.R.O. বা B.D.O - র সরাসরি তত্ত্বধানে শুরু হওয়ার পর বিভিন্ন গণনা টেবিলে ব্যালটবাক্স থেকে প্রাপ্ত ব্যালট পেপারের গণনা হবে ।

- ❖ E.D. Ballot - এর গণনা হবে Constituency wise . এবং গণনার জন্য A.P.R.O. সীলকরা খামগুলি ছিঁড়ে ব্যালটগুলি বার করবেন এবং প্রতিদ্বন্দ্বি প্রার্থীদের প্রাপ্ত ভোট অনুযায়ী সেগুলিকে ভাগ করে ২৫ টি করে ব্যালটের বান্ডিল তৈরী করবেন। কোন বান্ডিলে ২৫- এর কম ব্যালট পেপার থাকলে একটি স্লিপে উক্ত সংখ্যাটি উল্লেখকরে সেই বান্ডিলের গার্ডারে ঢুকিয়ে রাখুন ।
- ❖ মনে রাখতে হবে যে, ব্যালট পেপার গণনার সময় কোন Doubtful ব্যালট পেপার রাখা চলবে না । সমস্ত ব্যালট পেপারের ক্ষেত্রেই গৃহীত / বাতিল যে কোন একটি সিদ্ধান্তে উপনীত হতে হবে ।

গ্রাম পঞ্চায়েতে ইলেকসন ডিউটি ভোট - এর গণনা :-

- ❖ গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে প্রত্যেক Constituency- র E.D.Vote এর গণনা সংশ্লিষ্ট কাউন্টিং অফিসারের টেবিলে সম্পন্ন হবে ।
- ❖ কাউন্টিং এর ফলাফল Form - 19 -এ অর্ন্তভুক্ত করে কাউন্টিং অফিসার ফর্মের নীচে স্বাক্ষর করবেন

Strong Room (u/r 99 of the W.B.P.E.R, 06):-

- ❖ Returning Officer পূর্ব নির্ধারিত সময়ে প্রার্থী / নির্বাচনী এজেন্ট প্রভৃতির উপস্থিতিতে গণনার দিন Strong Room খুলবেন এবং Log Book -এ প্রয়োজনীয় স্বাক্ষর করবেন ।

- ❖ প্রত্যেক Strong Room এর জন্য একজন দায়িত্ব প্রাপ্ত অফিসার থাকবেন যিনি Hall-In-Charge -এর requisition অনুযায়ী প্রত্যেক রাউন্ডে প্রতিটি গণনা টেবিলের জন্য নির্দিষ্ট ব্যালট বাক্স পাঠাবেন এবং সঙ্গে

সংশ্লিষ্ট ব্যালট পেপার অ্যাকাউন্ট পেপার সীল অ্যাকাউন্ট এবং Presiding Officer এর declaration পাঠানোর ব্যবস্থা করবেন ।

বাতিলের কারনগুলি (u/r 88 of W.B.P.E.R., 06) :-

কোন ব্যালট পেপার সাধারণ ভাবে নিম্নলিখিত কারনে বাতিল হতে পারে :-

১) কোন ছাপ নেই ।
২) Arrow cross mark ছাড়া অন্য কোন মাধ্যমে ভোট দেওয়া হয়েছে
৩) একাধিক ব্যক্তিকে ভোট দেওয়া হয়েছে ।
৪) ব্যালট পেপারটি জাল
৫) ব্যালট পেপারটি ক্ষতিগ্রস্থ
৬) Presiding Officer - এর স্বাক্ষর অথবা Distinguishing Mark নেই ।
৭) ভোটারকে সনাক্ত করা যাচ্ছে
৮) ব্যালট পেপারের design / Sl. no. অসঙ্গতিপূর্ণ অথবা ত্রুটিপূর্ণ

- ❖ তবে গণনাকারী আধিকারিক যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, ৬ এবং ৮ নং - এ উল্লিখিত ত্রুটিগুলি Presiding Officer - এর ভূলবশত হয়েছে তবে উপরিউক্ত ত্রুটিগুলির কারনে সংশ্লিষ্ট ব্যালট পেপারটি বাতিল হবে না।
- ❖ E.D. Ballot - এর গণনার ফলাফল Form - 19 -এ অর্ন্তভুক্ত করুন ।

ভোটগণনার প্রক্রিয়া (u/r 105 of the W.B.P.E.R, 06):- :-

- ❖ গণনার প্রক্রিয়াটি হবে ধারাবাহিক এবং সম্পূর্ণ না হওয়া পর্যন্ত ক্রমান্বয়ে চলবে ।

ব্যালট বক্সের ভোট গণনা :-

- ❖ ব্যালট বক্সে প্রাপ্ত সকল ব্যালট পেপারের গণনা গণনাকারীদের টেবিলেই সম্পন্ন হবে । কোন ব্যালট পেপারই বাতিলের জন্য বা উপযুক্ত সিদ্ধান্তের জন্য A.P.R.O বা Hall-In-Charge -এর টেবিলে প্রেরিত হবে না।
- ❖ প্রতিটি রাউন্ডের শেষে A.P.R.O / Hall-In-Charge, Strong Room In-Charge - এর কাছে পরবর্তী রাউন্ডের জন্য প্রয়োজনীয় ব্যালট বক্সের requisition দেবেন।

প্রতিটি রাউন্ডের ব্যালট বক্স টেবিলে পৌছনর পর নিম্নলিখিত বিষয়গুলি পরীক্ষা করে নিন :-

- ❖ প্রথমেই Address Tag - থেকে দেখে নিন যে, উক্ত বাক্সটি / বাক্সগুলি আপনার টেবিলের জন্য নির্দিষ্ট কিনা ।
- ❖ বাক্সের সীল অক্ষত আছে কিনা এবং পোলিং এজেন্টদের স্বাক্ষর আছে কিনা সংশ্লিষ্ট ব্যালট পেপার অ্যাকাউন্ট এবং উক্ত ভোট গ্রহন কেন্দ্রের Presiding Officer এর Declaration কপি দেওয়া হয়েছে কিনা ।
- ❖ অতঃপর ব্যালট পেপারগুলি ব্যালট বাক্স থেকে বের করে প্রাপ্ত valid ভোট অনুযায়ী ব্যালট পেপারগুলিকে বিভিন্ন প্রার্থীর জন্য নির্দিষ্ট জায়গায় রাখুন । বাতিল ভোটের জন্য আলাদা বান্ডিল করুন ।
- ❖ প্রার্থী অনুযায়ী বিভাজন সম্পন্ন হলে প্রতিটি প্রার্থীর নির্দিষ্ট জায়গায় রাখা ব্যালট পেপারগুলিকে ২৫ টির বান্ডিলে ভেঙে ফেলতে হবে ফলতঃ একটি ছোট বান্ডিল পাওয়া যাবে যাতে মোট ব্যালটের সংখ্যা ২৫ - এর কম। এইভাবে প্রার্থী অনুযায়ী প্রাপ্ত ভোটের সংখ্যা নির্ধারন করতে হবে ।
- ❖ **Rlule 88 -এ উল্লিখিত যে কোন একটি কারনে ব্যালট পেপার বাতিল হতে পারে ।**
- ❖ মনে রাখতে হবে যে, ব্যালট পেপার গণনার সময় কোন Doubtful ব্যালট পেপার রাখা চলবে না । সমস্ত ব্যালট পেপারের ক্ষেত্রেই গৃহীত / বাতিল যে কোন একটি সিদ্ধান্তে উপনীত হতে হবে ।

❖ প্রার্থীদের প্রাপ্ত ভোটের সংখ্যা এবং বাতিল ভোটের সংখ্যা নির্দিষ্ট হওয়ার পর , গণনাকারী আধিকারিক ব্যালট পেপার অ্যাকাউন্টের সঙ্গে মিলিয়ে দেখে নেবেন যে ব্যালট বাক্সে প্রাপ্ত মোট ব্যালটের সংখ্যা ব্যালট পেপার অ্যাকাউন্টের Part - I - এ উল্লিখিত মোট প্রদত্ত ভোটের সমান কিনা ।

❖ **দুটির সংখ্যা সমান হলে** Counting Officer Form - 18 - এর Part - II - এ স্বাক্ষর করবেন এবং Form - 20 তে প্রার্থী অনুযায়ী প্রাপ্ত ভোটের সংখ্যা নথিবদ্ধ করে ব্যালট পেপার অ্যাকাউন্ট , Form - 20 এবং প্রার্থীদের অনুযায়ী Valid ব্যালট পেপারের বান্ডিলগুলি Rejected ব্যালট পেপারের বান্ডিলসহ A.P R.O / Hall-In-Charge -এর টেবিলে দিন ।

❖ **উভয় সংখ্যার ব্যবধান ৫ - এর কম হলে এবং দুই নিকটবর্তী প্রার্থীর প্রাপ্ত ভোটের ব্যবধান ৫- এর বেশী হলে** - গণনাকারী আধিকারিক ব্যালট পেপার অ্যাকাউন্টে ত্রুটি আছে কিনা পরীক্ষা করে নিবেন অতঃপর ব্যালট বক্সে কোন ব্যালট পেপার রয়ে গেল কিনা দেখে নিয়ে নিশ্চিত হলে ব্যালট পেপার অ্যাকাউন্টের Part- II - এ স্বাক্ষর করবেন ।

❖ দুটি সংখ্যার ব্যবধান ৫ এর বেশী হলে এবং দুই নিকটবর্তী প্রার্থীর প্রাপ্ত ভোটের ব্যবধান ৫ এর কম হলে - বিষয়টি A.P.R.O. / Hall-In-Charge - এর নজরে আনুন । যিনি ব্যালট পেপার অ্যাকাউন্ট, Presiding Officer - এর ঘোষণাপত্র এবং বাক্সের সীল পরীক্ষা করে নির্দিষ্ট সিদ্ধান্তে উপনীত হবেন ।

A.P.R.O - এর টেবিল :-

❖ A.P.R.O. Form 20 প্রার্থী অনুযায়ী valid ব্যালট পেপারের বান্ডিলের সঙ্গে মিলিয়ে নিয়ে compilation Table - এর সহায়তায় Form - 22 - তে Constituency wise result sheet (E.D. Vote -এর column ছাড়া) তৈরী করে Assistant Panchayat Returning Officer of Z.P - এর কাছে পাঠাবেন। জেলা পরিষদ Constituency-এর ভোট গণনা একাধিক হলে অনুষ্ঠিত হলে সমস্ত Form - 22 - একত্রিত করে P.R.O. একটি ফাইনাল Form - 22 (E.D.Vote এর রেজাল্ট সহ) প্রস্তুত করে Form - 23 -তে রেজাল্ট ঘোষণা করবেন এবং বিজয়ী প্রার্থীকে Form - 24 - এ Certificate of Election প্রদান করে receipt রাখবেন

জেলা পরিষদের ভোট গণনা :-

❖ Computer এ Result গুলো Compilation এর জন্য একটি আলাদা ঘর এর ব্যবস্থা করতে হবে । Computer গুলোতে প্রয়োজন মতো LAN এর ব্যবস্থা করতে হবে । এছাড়া প্রতিটি Counting Room এ আলাদা আলাদা A.P.R.O. এর ব্যবস্থা করতে হবে ও সঙ্গে একজন করে Assistant হিসাবে দিতে হবে।

❖ Manually Result Sheet Compilation এর জন্য বিশেষ করে জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে যদি সম্ভব হয় তাহলে A.P.R.O. টেবিলে তা করতে হবে নতুবা আলাদা ঘর রাখতে হবে যেখানে Competent Staff থাকবে যারা Manually Result Sheet Compilation এর দায়িত্বে থাকবেন । জেলা পরিষদের E.D. Votes গণনার ক্ষেত্রে আলাদা ব্যবস্থা করলে ভালো হয় । যেহেতু মূল গণনা শুরুর আগে E.D. Votes গণনা করতে হয় তাই বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের সামনে এই গণনা শুরু করা দরকার এবং সেই মোতবেক তাদের আগাম জানিয়ে দিতে হবে জেলা পরিষদের E.D. Votes গণনা কোথায় হবে ।যদি দেখা যায় E.D. Votes এর সংখ্যা অনেক বেশি সেক্ষেত্রে দুই এর অধিক লোক রাখলে ভালো হয় এবং এক্ষেত্রে জেলা পরিষদের মূল ভোটের গণনা শুরু করে দেওয়া যেতে পারে Counting Hall গুলিতে , নাহলে E.D. Votes- এর গণনা শেষ হতে দেরি হয়ে গেলে মূল গণনাও শুরু হতে দেরি হয়ে যাবে । যেহেতু জেলা পরিষদের আসন সংখ্যা সর্বাধিক ৩ (তিন) কোনো কোনো ব্লকগুলিতে তাই আলাদা ঘরে জেলা

পরিষদের Compilation এর যদি ব্যবস্থা করা হয় তাহলে তিনজনকে একটি করে আসনের Compilation এর দায়িত্ব দেওয়া যেতে পারে । Counting Table গুলিতে FORM-20 তে দু-কপি Counting Sheet তৈরী হওয়ার পর মূল কপিটি বা কার্বন কপিটি A.P.R.O. টেবিল থেকে Compilation Room এ চলে যাবে ও অপর কপিটি যেখানে Computer এ Compilation হচ্ছে সেই ঘরে চলে যাবে Compilation করার জন্য । যেহেতু জেলা পরিষদের এর এক একটি আসনে পোলিং বুথের সংখ্যা অনেকবেশি তাই কোনো একটি নির্দিষ্ট ঘরে A.P.R.O. এর পক্ষে Compilation করা কষ্টসাধ্য ব্যাপার হয়ে দাঁড়াবে।তাই আলাদা ঘরে Compilation করলে সুষ্টভাবে কাজটি সম্পন্ন করা যাবে ।

❖ Counting Hall এর টেবিলে যারা Counting Supervisor ও Counting Assistant হিসাবে কাজ করবেন তাদের নির্দেশ দিতে হবে যাতে তারা Counting Sheet গুলো দু-কপি করে তৈরী করেন, এক কপি Original ও এক কপি Carbon । Original Copy টি A.P.R.O এর Table এ চলে যাবে বা যদি কোনো আলাদা ঘরে Manual Compilation এর ব্যবস্থা করা হয় তাহলে সেখানে চলে যাবে ও Carbon Copy টি যেখানে Computer এ Compilation এর ব্যবস্থা করা হয়েছে সেখানে চলে যাবে অথবা Vice-versa করতে হবে ।

❖ যেখানে দুটি Polling Booth Clubbing হয়ে একটি Constituency গঠিত হয়েছে সেখানে এটা আগে থেকে A.P.R.O. বা Hall-in-Charge কে বলে রাখতে যে দুটি পোলিং বুথ Merged হয়েছে তার মধ্যে যেটিতে কম ভোট পড়েছে সেই টেবিলে E.D. Vote গুলি Counting হবে ও গ্রাঃ পঃ এর ক্ষেত্রে Result Sheet টি Compilation হবে । আবার Auxiliary Polling Station এর ক্ষেত্রে আগে থেকে বলে দিতে হবে যে Counting Sheet এর Compilation টি Main Booth এর Counting যে টেবিলে হবে সেখানে হবে ।Auxiliary Polling Station এর Counting Supervisor কে আগে থেকে বলে রাখতে হবে যে Counting Sheet টি তৈরী করার পর তা যেন Main Polling Station এর Counting Table -এ Counting Supervisor কে হস্তান্তরিত করেন Compilation করার জন্য ।

পঞ্চায়েত সমিতির ভোট গণনা :-

❖ পঞ্চায়েতে সমিতির E.D.Vote A.P.RO - র টেবিলে গণনা করা হবে । গণনা সম্পন্ন হলে প্রার্থী অনুযায়ী প্রাপ্ত valid ভোটের সংখ্যা Form -19 - এ নথীভুক্ত করুন।

❖ ব্যালট বাক্সের গণনার সময় সবুজ পেপার সীলটি অক্ষত আছে কিনা দেখে নিতে হবে এবং একই সঙ্গে উক্ত পেপার সীলের সাদা অংশে Presiding Offcer এবং পোলিং এজেন্টদের স্বাক্ষর পরীক্ষা করে নিন ।

অতঃপর ব্যালট বাক্স থেকে প্রাপ্ত ব্যালটের গণনা সম্পন্ন হলে ফলাফল Form - 20 - তে অর্ন্তভুক্ত করে প্রার্থী অনুযায়ী প্রাপ্ত ভোটের বান্ডিলগুলি বাতিল ব্যালট পেপারের বান্ডিলসহ A.P.R.O - র টেবিলে পাঠাবেন । A.P.R.O সে গুলিকে পরীক্ষাকরে Compilation Table -এর সহযোগিতায় E.D.Vote এর রেজাল্ট সহ Form - 22 তৈরী করে Panchayat Returning Officer - এর কাছে পাঠাবেন P.R.O. Form 22 - এর যাবতীয় আনুসঙ্গিক পরীক্ষা করে Form - 23 -তে রেজাল্ট ঘোষণা করবেন এবং বিজয়ী প্রার্থীকে Form - 24 - এ Certificate of Election প্রদান করে receipt রাখবেন । পঞ্চায়েত সমিতির কোন Constituency র গণনা একাধিক ঘরে অনুষ্ঠিত হলে, যে ঘরে গণনা টেবিল সংখ্যা বেশি, সেই ঘরে E.D. Vote এর গণনা হবে।

গ্রাম পঞ্চায়েতের ভোট গণনা :-

ব্যালট বাক্সে প্রাপ্ত ব্যালট পেপারের গণনা

❖ ব্যালট বাক্সে প্রাপ্ত ব্যালট পেপারের গণনার ফলাফল Form - 19A তে অর্ন্তভুক্ত করতে হবে ।

- অতঃপর Form - 19 এবং Form - 19A -তে বিভিন্ন প্রার্থীদের মোট প্রাপ্ত ভোট যোগ করে Form - 21 এ Result Sheet তৈরী করুন এবং Form - 23 তে Result ঘোষনা করুন এবং বিজয়ী প্রার্থীকে Form - 24 এ একটি অফিস কপিতে Receive করিয়ে Certificate of Election প্রদান করুন ।
- গ্রাঃ পঃ এর ক্ষেত্রে টেবিলে যে Counting Supervisor থাকবেন তিনি Result Sheet (Form-21) তৈরী করবেন ও A.P.R.O বা Hall-in-Charge এর হাতে Hand over করবেন Result Declare করার জন্য ও বিজয়ী প্রার্থীকে Certificate প্রদান করার জন্য। কিন্তু পঞ্চায়েত সমিতি বা জেলা পরিষদের ক্ষেত্রে Counting Sheet (Form -20) Counting Supervisor তৈরী করার পর তা A.P.R.O বা Hall-in-Charge এর হাতে Hand over করবেন Result Compilation করার জন্য । A.P.R.O. নির্দেশিকা মোতাবেক নিজে Result Compilation করতে পারেন বা Result Compilation করার জন্য নির্দিষ্ট ঘরে পাঠিয়ে দিতে পারেন । এরপর পঃ সমিতির ক্ষেত্রে A.P.R.O. , P.R.O. এর পক্ষে Result Declare (FORM-23) করতে পারেন বা P.R.O. কে FORM-23 হস্তান্তর করতে পারেন Result Declare করার জন্য । যেহেতু P.R.O. সেইসময় খুব ব্যস্ত থাকেন তাই A.P.R.O. দের পক্ষে Result Declare করার কাজটা সহজসাধ্য হবে । তবে অতি অবশ্যই একবার P.R.O. কে দেখিয়ে নেবেন বা P.R.O. এর Permission নিয়ে নেবেন । Certificate of Election (FORM-24) টি P.R.O. সহি করে বিজয়ী প্রার্থীদের হাতে তুলে দেবেন যথাযথ প্রাপ্তি স্বীকারের জায়গায় প্রার্থীর সহি করার পর । জেলা পরিষদের ক্ষেত্রে S.D.O. সাহেবের হয়ে A.P.R.O. রা অর্থাৎ B.D.O. সাহেবরা জেলা পরিষদের Result Declare করেন FORM-23 তে ও Winning Candidate দের হাতে Certificate of Election (FORM-24) টি তুলে দেন A.P.R.O. হিসাবে সহি করার পর ও যথাযথ প্রাপ্তি স্বীকারের জায়গায় প্রার্থীর সহি করার পর । এ ব্যাপারে S.D.O. সাহেবরা আগে থেকেই Permission দিয়ে রাখেন।

Double Seated Constituency -র ভোট গণনা :-

Double Seated Constituency -র ক্ষেত্রে E.D.Vote এর গণনার ফলাফল সীট অনুযায়ী দুটি পৃথক Form 19- এ অর্ন্তভুক্ত করুন ।

- ব্যালট বাক্সের গণনার ফলাফল সীট অনুযায়ী দুটি পৃথক Form 19A - তে ট্যালি মার্কের মাধ্যমে নথীভুক্ত করুন । প্রতি চারটি ট্যালি মার্ক অর্ন্তভুক্ত করার পর পঞ্চম ট্যালি মার্কটি কোনাকোনি ভাবে টানুন (////) ।
- Form 19A - এর একাধিক সীট সমন্বিত করে ৫টি ফাইনাল Form 19A তৈরী করুন।
- অতঃপর সীট অনুযায়ী Form - 19 এবং Form - 19A -তে প্রার্থীদের মোট প্রাপ্ত ভোট যোগ করে Form - 21 এ Result Sheet তৈরী করুন এবং Form - 23 তে Result ঘোষনা করুন এবং বিজয়ী প্রার্থীকে Form - 24 এর একটি অফিস কপিতে Receive করিয়ে Certificate of Election প্রদান করুন ।

Additional Booth এর ক্ষেত্রে :-

- Auxiliary বা Additional Booth এর E.D.Vote এর গণনা মূল টেবিলে হবে কিন্তু ব্যালট বাক্সের গণনা মূল টেবিলের পাশের কাউন্টিং টেবিলে আলাদাভাবে হবে । Additional Booth এর কাউন্টিং অফিসার Form - 19A তৈরী করে Main Booth Counting Officer কে হস্তান্তরিত করবেন এবং সেখানে দুটি 19 A সম্মন্নিত করে একটি Final 19A তৈরী হবে এবং Form 21, 23 একই ভাবে প্রস্তুত করা হবে ।

Sealing :-

❖ প্রতিটি কাউন্টিং হলে সীলিং-এর উপযুক্ত ব্যবস্থা থাকবে ।

যে যে জিনিসগুলি সীল হবে :-

১) প্রার্থী অনুযায়ী গণনালব্ধ ব্যালট পেপারের বান্ডিল
২) বাতিল ব্যালট পেপার
৩) কাউন্টিং সীট - Form 19, 19A, 20,
৪) Result Sheet - Form 21 & 22 ,
৫) Declaration of Result - Form 23
৬) Certificate of Election - Form - 24
৭) ব্যালট পেপার অ্যাকাউন্ট ,
৮) Presiding Officer এর Declaration

এছাড়াও -

১) অব্যবহৃত ব্যালট পেপার কাউন্টার ফয়েল সহ
২) টেন্ডারড এবং বাতিল ব্যালট পেপার সমূহ
৩) ব্যবহৃত ব্যালট পেপারের কাউন্টার ফয়েল
৪) ভোটার তালিকার মার্কড কপি

ইত্যাদিও Panchayat Returning Officer এর Brass Seal দ্বারা সীল হবে । Constituency wise যাবতীয় Sealed Items গুলি এক সঙ্গে বেঁধে রাখতে হবে ।

Re-Count of Votes – (u/r 91 of the W.B.P.E.R, 06) :-

❖ **Re-Count** এর আবেদন উপযুক্ত কারনসহ লিখিত ভাবে করতে হবে,

❖ **Counting Sheet** তৈরী হওয়া থেকে Result Sheet - স্বাক্ষর করার আগে পর্যন্তৎ Re-Count এর আবেদন করা যাবে ।

❖ **Result Sheet** স্বাক্ষর হওয়ার পর কোন Re-Count এর আবেদন গ্রাহ্য হবে না ।

Secret Seal: -

❖ গণনার পর সীলিং এর ক্ষেত্রে যে সমস্ত জায়গায় P.R.O –র Seal ব্যবহার করা হয়েছে, সেই সমস্ত জায়গায় অবশ্যই Secret Seal ব্যবহৃত হবে । গণনার শেষে যাবতীয় পেপার সীল করে ট্রাঙ্কে রেখে ট্রাঙ্ক সীল করতে হবে ।

❖ Secret Seal এর নম্বর কোন Candidate, Election Agent, অথবা Counting Agent চাইলে তা জানাতে হবে ।

❖ Secret Seal ব্যবহারের কাজ শেষ হলে, একটা প্যাকেটে রেখে, সেই প্যাকেটটিও সীল করতে হবে এবং উপস্তিত Candidate, Election Agent, অথবা Counting Agent দের স্বাক্ষর গ্রহন নিতে হবে ।